**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৯৫/২০১৭-১৮**

**ঢাকা, রোববার, ৮ এপ্রিল ২০১৮, ২৫ চৈত্র ১৪২৪**

১। আজ সংসদ অধিবেশন শুরু

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের সভা অনুষ্ঠিত
বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নেয়ার সিদ্ধান্ত

৩। দৃশ্যমান হলো মেট্রোরেলের কাঠামো

৪। সরকারের সঠিক সিদ্ধান্তের কারণেই দেশের উন্নয়ন হয়েছে : বাণিজ্যমন্ত্রী

৫। সাংবাদিকতায় নারীকে যোগ্যতা দিয়েই সফল হতে হবে : কৃষিমন্ত্রী

৬। জেল কোড অনুযায়ী খালেদা জিয়ার চিকিৎসা হবে : সেতুমন্ত্রী

৭। সরকার জনগণের নিরাপত্তায় কাজ করছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সম্প্রীতির দেশ : কলকাতায় তথ্য প্রতিমন্ত্রী

৯। ভারতীয় পররাষ্ট্র সচিব ঢাকায় আসছেন আজ

১০। নারী উদ্যোক্তাদের জন্য হচ্ছে 'জয়িতা টাওয়ার'

চলমান পাতা-২

**১। আজ সংসদ অধিবেশন শুরু**

জাতীয় সংসদের ২০তম অধিবেশন আজ (৮ এপ্রিল রোববার ) বিকেল ৫টায় শুরু হচ্ছে। রাষ্ট্রপ্রতি মোঃ আবদুল হামিদ গত ২১ মার্চ এ অধিবেশন আহ্বান করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদ অধিবেশন শুরুর আগে অধিবেশনের মেয়াদকাল ও কার্যক্রম চূড়ান্ত করতে কার্যোপদেষ্টা কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের সভা অনুষ্ঠিত**
**বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নেয়ার সিদ্ধান্ত**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি ট্রাস্টের এক সভা গতকাল (৭ এপ্রিল শনিবার) ধানমন্ডির বঙ্গবন্ধু ভবনে অনুষ্ঠিত হয়েছে। ট্রাস্টের চেয়ারপার্সন প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভায় সভাপতিত্ব করেন। এ সময় ট্রাস্টের ট্রাস্টিগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় ট্রাস্টের সমাজকল্যাণমূলক কর্মকান্ডের পর্যালোচনা এবং বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক. ৮), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৩। দৃশ্যমান হলো মেট্রোরেলের কাঠামো**

বসানো হয়েছে ম্যাস র‌্যাপিড ট্রানজিট বা মেট্রোরেলে প্রথম কংক্রিটের গার্ডার। এর মধ্যেই দৃশ্যমান হলো মেট্রোরেলের কাজ। রাজধানীর উত্তরার দিয়াবাড়িতে দুটি পিলার যুক্ত করে এ গার্ডার বসানো হয়েছে। শীঘ্রই আগারগাঁও এলাকায় বসানো হবে আরেকটি গার্ডার। আগামী বছর ডিসেম্বরের মধ্যে উত্তরা-আগারগাঁও পর্যন্ত মেট্রোরেলের এ অংশের কাজ শেষ হবে বলে প্রকল্প সূত্র জানায়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.২)।

**৪। সরকারের সঠিক সিদ্ধান্তের কারণেই দেশের উন্নয়ন হয়েছে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, সরকারের সঠিক সিদ্ধান্তের কারণেই দেশের উন্নয়ন হয়েছে। বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ে তোলা হচ্ছে। মানুষের অবস্থার পরিবর্তন এসেছে। আজকে আমরা স্বাধীন দেশে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছি। আন্তর্জাতিক বিশ্বে মর্যাদার আসনে আসীন হয়েছি। যোগ্যতা ও নিষ্ঠার সঙ্গে প্রধানমন্ত্রী দেশ পরিচালনা করছেন। তাঁর কারণে বাংলাদেশ আজ বিশ্বে উন্নয়নের রোল মডেল। গতকাল (৭ এপ্রিল শনিবার) ভোলার বাংলাস্কুল মাঠে অনুষ্ঠিত মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৫ । সাংবাদিকতায় নারীকে যোগ্যতা দিয়েই সফল হতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, দেশের রাজনীতি, প্রশাসন, পুলিশ, বিচার বিভাগসহ অনেক ক্ষেত্রে নারীরা এগিয়ে যাচ্ছে। সাফল্য দেখাচ্ছে। কিন্তু কাজের ক্ষেত্রে নারী পুরুষের বৈষম্য এখনো দৃশ্যমান। দেশের সাংবাদিকতার নেতৃস্থানীয় ভূমিকায় নারীর অংশগ্রহণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, কনসেশন নয়, নারীদের নিজেদের যোগ্যতা বেশি করে প্রমাণ করতে হবে। বাধা থাকবে। সেই বাধা ভেঙে এগিয়ে যেতে হবে। গতকাল (৭ এপ্রিল শনিবার) বাংলাদেশ সেন্টার ফর ডেভেলপমেন্ট, জার্নালিজম এন্ড কমিউনিকেশন (বিসিডিজেসি) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক. ৫)।

**৬। জেল কোড অনুযায়ী খালেদা জিয়ার চিকিৎসা হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মেডিকেল বোর্ডের পরামর্শ অনুযায়ী জেল কোড মেনে খালেদা জিয়ার চিকিৎসা দেওয়া হবে। অসুস্থতার ধরন দেখে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তাঁকে চিকিৎসা দেওয়া হচ্ছে। তাঁর সুচিকিৎসার জন্য মেডিকেল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় সবকিছু করা হবে। গতকাল (৭ এপ্রিল শনিবার) নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাট পৌর এলাকার নিজ বাড়িতে তাঁর মা ফজিলাতুন্নেসার চেহলাম অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৭। সরকার জনগণের নিরাপত্তায় কাজ করছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, ২০০৮ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছিলেন দেশকে বদলে দেবেন। দারিদ্র্যমুক্ত দেশ গড়বেন। এ লক্ষ্যে তিনি সততা, স্বচ্ছতা, জবাবদিহি এবং সঠিক পরিকল্পনার মধ্য দিয়ে কাজ করে যাচ্ছেন। সরকার দেশের উন্নয়ন ও জনগণের নিরাপত্তায় কাজ করছে। এ অঞ্চলের মানুষের নিরাপত্তার স্বার্থে দুবলারহাট থানার উদ্বোধন করা হলো। এ সময় দেশের উন্নয়ন চিত্র তুলে ধরে মন্ত্রী বলেন, বাংলাদেশ এখন উন্নয়নের মহাসড়কে। গতকাল (৭ এপ্রিল শনিবার) চরফ্যাশনে দুবলারহাট থানার আনুষ্ঠানিক কার্যক্রম ও নতুন থানা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে জেলা পুলিশ আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

**৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সম্প্রীতির দেশ : কলকাতায় তথ্য প্রতিমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন সম্প্রীতির দেশ মন্তব্য করে তথ্য প্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিম বলেছেন, বাংলাদেশ ধর্মনিরপেক্ষ দেশ। হিন্দু ধর্মাবলম্বীরা তাঁদের ধর্ম মেনে চলবে, মুসলিমরা ইসলাম ধর্ম মেনে চলবে। বৌদ্ধরা মানবে তাঁদের বৌদ্ধ ধর্ম। এটাই বাংলাদেশের সংস্কৃতি। এ দেশে সব ধর্মের মানুষ সমান সুযোগ পেয়ে থাকেন। গতকাল (৭ এপ্রিল শনিবার) কলকাতার হো চি মিন সরণির আইসিসিআরের সত্যজিৎ রায় মিলনায়তনে 'সম্প্রীতির বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১)।

**৯। ভারতীয় পররাষ্ট্র সচিব ঢাকায় আসছেন আজ**

আজ (৮ এপ্রিল রোববার) ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্র সচিব বিজয় কেশব গোখলে। তাঁর এ সফরের সময় তিস্তা পানি বণ্টন চুক্তিসহ বিভিন্ন দ্বিপক্ষীয় বিষয়ে আলোচনা হতে পারে। আগামীকাল (৯ এপ্রিল সোমবার) রাষ্ট্রীয় অতিথি ভবন মেঘনায় বাংলাদেশের পররাষ্ট্র সচিব এম শহিদুল হকের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে বসবেন বলে কূটনৈতিক সূত্র জানিয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১০। নারী উদ্যোক্তাদের জন্য হচ্ছে 'জয়িতা টাওয়ার'**

নারী উদ্যোক্তাদের জন্য তৈরি হচ্ছে জয়িতা টাওয়ার। ১৫৪ কোটি ২৫ লাখ টাকা ব্যয়ে নির্মিত হবে এ টাওয়ার। দেশের প্রত্যন্ত অঞ্চলের নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রির জন্য তৈরি হচ্ছে এ টাওয়ার। রাজধানীর ধানমন্ডিতে ১২তলা বিশিষ্ট এ টাওয়ার নির্মাণ করবে জয়িতা ফাউন্ডেশন ও গণপূর্ত অধিদপ্তর। মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় বরাদ্দের পুরো টাকাই সরকারের নিজস্ব তহবিল থেকে জোগান দেবে। প্রকল্পটি ২০২০ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে বাস্তবায়িত হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** নৌ-নিরাপত্তা সপ্তাহে আধুনিক ও যুগোপযোগী নৌ ব্যবস্থা গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করার কথা উল্লেখ করে নিরাপদ নৌযাত্রা নিশ্চিত করার লক্ষ্যে এ অঙ্গীকার বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো :** উচ্চমাধ্যমিক পরীক্ষা চলার সময় সরকার ঘোষণা দিয়ে কোচিং সেন্টারগুলোর কার্যক্রম বন্ধ রাখাকে ভালো উদ্যোগ বলে উল্লেখ করে দেশে সব কোচিং সেন্টার, প্রাইভেট টিউশনি, গাইড বই, নোট বই প্রকাশ ও বিপণন স্থায়ীভাবে বন্ধ করার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** নারীর প্রতি একের পর এক নির্যাতন ও অবমাননার ঘটনা বেড়েই চলায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ পুরুষের মানসিকতা পরিবর্তন জরুরি বলে মতপ্রকাশ।

ঘ. **সমকাল :** ঢাকা ও চট্টগ্রামে প্রায় চার হাজার ভবন অগ্নি দুর্ঘটনার ঝুঁকিতে থাকার কথা উল্লেখ করে অগ্নি ঝুঁকি মোকাবিলায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যুগান্তর :** বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকসের তথ্য অনুযায়ী বাংলাদেশে কঠিন অসুখ মোকাবিলা করতে গিয়ে বছরে ৬৫ লাখ মানুষ দারিদ্র্যসীমার নিচে নেমে যাচ্ছে উল্লেখ করে স্বল্পমূল্যে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর মোট ব্যয়ের ৬৭ শতাংশ স্বাস্থ্যখাতে ব্যয় হওয়ার পরিপ্রেক্ষিতে সরকারি হাসপাতালে জটিল রোগের ভাল চিকিৎসা ও ওষুধের ব্যবস্থা করে দরিদ্র জনগোষ্ঠীর ব্যয়ভার লাঘবের ব্যবস্থা করার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** কেন্দ্রিয় ব্যাংকের কঠোর মনিটরিংয়ের ফলশ্রুতিতে বিগত কয়েক মাসে দেশে রেমিট্যান্স প্রবাহ বেড়ে যাওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে রেমিট্যান্স পাঠানোর অবৈধ চ্যানেলগুলো প্রতিহত করার সুপারিশ।

জ. **ডেইলি সান :** ইয়াবার প্রভাব থেকে দেশের তরুণ সম্প্রদায়কে রক্ষা করতে মিয়ানমার থেকে বাংলাদেশে ইয়াবার অবৈধ অনুপ্রবেশ কঠোর হস্তে প্রতিহত করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ এজ :** রাজধানীর যানজট সমস্যার সমাধানে আন্তঃজেলা বাস টার্মিনালকে সিটি বাস টার্মিনালে রূপান্তরসহ প্রস্তাবিত নিমতলিতে নতুন বাস টার্মিনাল স্থাপনের কাজ দ্রুত শুরু করার সুপারিশ।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** দেশের প্রতিটি জেলা ও উপজেলায় এসএমই পরামর্শ কেন্দ্র স্থাপনে প্রধানমন্ত্রীর ঘোষণার বিষয় তুলে ধরে তা যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

ট. **নিউ নেশন, ডেইলি স্টার :** চার লেন ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক চালু হওয়ার অল্প সময়ের মধ্যে সড়ক বেহাল হয়ে পড়ায় দেশের আমদানি-রপ্তানির কাজ যেন ব্যাহত না হয় সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত সড়ক মেরামত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে আইনের শাসন ও মানবাধিকার নিশ্চিত করা গণতান্ত্রিক রাষ্ট্রের জন্য জরুরি।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্রকৃত শিক্ষাই হচ্ছে নৈতিকতার উৎস'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষা মানুষকে নৈতিকতার শিক্ষা দেয়।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা